



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

১১ শ্রাবণ ১৪৩০

তারিখ:

২৬ জুলাই ২০২৩

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

“জাতীয় শোক দিবস ২০২৩” পালন উপলক্ষ্যে গৃহীতব্য কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে।

স্বাধীনতার মহান স্মৃতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদৎ বার্ষিকীতে “জাতীয় শোক দিবস ২০২৩” পালন উপলক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ বাস্তবায়নের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো:

- ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখে আর্থিক প্রতিষ্ঠানের ভবনসমূহে (নিজস্ব/ভাড়া) জাতীয় পতাকা অর্ধনমিত রাখা;
- খ) ০১ আগস্ট ২০২৩ তারিখ হতে মাসব্যাপী কালো ব্যাজ ধারণ;
- গ) আর্থিক প্রতিষ্ঠানের ভবনসমূহে (নিজস্ব/ভাড়া) জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বিশেষ ব্যানার/ফেস্টুন স্থাপন এবং ১৫ আগস্ট ২০২৩ তারিখে শুদ্ধা নিবেদন;
- ঘ) আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্যন্তে সভায় জাতীয় শোক দিবস পালনের বিষয় আলোচ্যসূচীতে অন্তর্ভুক্ত করে গুরুত্বসহকারে আলোচনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- ঙ) বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপরে ১৫ আগস্ট ২০২৩ তারিখ বা সুবিধাজনক তারিখ ও সময়ে আলোচনা সভার আয়োজন;
- চ) স্বীয় প্রতিষ্ঠানের সক্ষমতা বিবেচনাপূর্বক অসহায় ও দরিদ্রদের মাঝে মানবিক সহায়তা/খাদ্য সহায়তা সামগ্রী প্রদান;
- ছ) আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব কর্মপরিকল্পনা অনুযায়ী নিজ কার্যালয়ে বা সুবিধাজনক স্থানে বৃক্ষরোপণ ও তা সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং বৃক্ষরোপণের আহবান জানিয়ে গ্রাহকদের মোবাইল ফোনে ক্ষুদে বার্তা প্রেরণ;
- জ) নিজস্ব ডিজিটাল ডিসপ্লে বোর্ড থাকলে সেখানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত প্রামাণ্যচিত্র/ভাষণ প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং
- ঝ) আয়োজিত সকল অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ করত তা আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইটে প্রদর্শন নিশ্চিতকরণ।

২। আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আমির উদ্দিন)  
পরিচালক (ডিএফআইএম)  
ফোনঃ ৯৫৩০১৭৮।